

প্রেস রিলিজ

১৪ ফেব্রুয়ারি ২০২৪

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসের কেন্দ্রীয় কনফারেন্স হলে ১৪ ফেব্রুয়ারি ২০২৪ বুধবার; দিব্যকণামৃত আত্মাদের আকাজ্জ্বল্য প্রতি বছরের মতো এ বছরেও মাঘের শুক্লাপক্ষের পঞ্চমী তিথিতে উৎসবমুখর পরিবেশ ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জ্যোতির্ময়ী জ্ঞানদাত্রী দেবীর শ্রদ্ধায় সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে, সকালে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান, সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমান, বিভিন্ন স্কুলের ডিন পূজা মন্ডপ পরিদর্শন করেন। এ সময় বাউবির শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার শিশুদের অক্ষর লিখনের মাধ্যমে হাতে খড়ি প্রদান করেন। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, সরস্বতী বিদ্যা, জ্ঞান ও সুরের দেবী। হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব হচ্ছে সরস্বতী পূজা। বিদ্যা দেবীর আরাধনার মাধ্যমে অকল্যাণ ও অশুভ শক্তির বিনাশ হবে এবং মানুষের মাঝে সৃজনশীলতার বিকাশ ঘটবে। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ ধারণ করে সকল ধর্ম ও মতের প্রতি শ্রদ্ধাশীল থেকে সত্য, সুন্দর, সৌহার্দ্য, সম্প্রীতি ও জ্ঞানের আলোয় আলোকিত হওয়ার জন্য উপাচার্য বাউবির শিক্ষার্থীসহ সকলের প্রতি আহবান জানান।



শিশুদের অক্ষর লিখনের মাধ্যমে হাতে খড়ি প্রদান করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

সকালে প্রতিমা স্থাপন, পূজারস্ত্র এবং বাণী অর্চনার মধ্য দিয়ে শুরু হয় আনুষ্ঠানিকতা। এরপর দেবী বন্দনা, হাতে খড়ি প্রদান, পুষ্পাঞ্জলি, প্রসাদ বিতরণ ও অতিথি আপ্যায়ন করা হয়। মাক্র পরিধান করে ও যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সকাল থেকে ক্যাম্পাসসহ আশপাশের এলাকা ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে শ্বেত অলংকারে ভূষিতা, জ্ঞানের অধিষ্ঠাত্রী প্রজ্ঞাশক্তিরূপ এই শুভ্রবর্ণা দেবীকে ভক্তি দিতে আসেন ভক্ত অনুরাগী, অভিভাবক ও শিক্ষার্থীরা। সহকারী অধ্যাপক আশীক বিশ্বাসের উপস্থপনায় পবিত্র বেদ, গীতা পাঠ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বৈদ্য

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)